



০৪ জুলাই, ২০১৭

### প্রেসবিজ্ঞপ্তি

গাজীপুরে পোশাক কারখানা বয়লার বিস্ফোরণের ঘটনায় ব্লাস্ট নিহত ও আহত  
শ্রমিকের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ ও বিচার দাবী করছে

গত ০৩ জুলাই, ২০১৭ তারিখে গাজীপুরের পোশাক কারখানা মাল্টি ফ্যাবস লিমিটেডের বয়লার বিস্ফোরণের ঘটনায় এ পর্যন্ত ১০ জন শ্রমিক নিহত হয়েছেন। ব্লাস্ট এ ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ী ব্যক্তিদের দ্রুত বিচার এবং শাস্তি দাবী করছে। তাদের পরিবারের প্রতি ব্লাস্ট একাত্মতা প্রকাশ করছে। পাশাপাশি আমরা ক্ষতিগ্রস্ত শ্রমিক এবং নিহত শ্রমিকদের পরিবারকে পর্যাপ্ত ক্ষতিপূরণ সহ শ্রম আইন সংশোধনের জন্য জোর দাবী জানাচ্ছি।

বিভিন্ন সংবাদ মাধ্যম সূত্রে জানা যায় যে, গাজীপুরে অবস্থিত মাল্টি ফ্যাবস লিমিটেড নামে চার তলা বিশিষ্ট কারখানায় গতকাল ০৩ জুলাই, ২০১৭ সন্ধ্যা সোয়া সাতটার দিকে হঠাৎ বিকট শব্দে বয়লার বিস্ফোরণ ঘটলে চারতলা ভবনের নিচতলা ও দোতলার দুই পাশের দেয়াল, দরজা-জানালা ও যন্ত্রাংশ উড়ে বিভিন্ন স্থানে ছড়িয়ে-ছিটিয়ে পড়ে।

উল্লেখ্য, গত বছরের ১০ সেপ্টেম্বর গাজীপুরের টঙ্গীর বিসিক শিল্পনগরীতে টাম্পাকো ফয়েলস লিমিটেড নামে একটি কারখানায় বয়লার বিস্ফোরণে ৩৮ জন নিহত ও কমপক্ষে ১৫ জন আহত হন।

রানা প্লাজা এবং তাজরীনের ভয়াবহ ঘটনা আমাদের কাছে অপ্রত্যাশিত এবং অনাকাঙ্ক্ষিত। সেই ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করে আমাদের পোশাক শিল্পের সকল কারখানায় শ্রমিকদের জন্য নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

শ্রম আইনে নিহত ও আহত শ্রমিকের ক্ষতিপূরণের জন্য যে অপরিষ্পত্ত অর্থের কথা উল্লেখ আছে (নিহত শ্রমিকের জন্য ১ লক্ষ টাকা এবং আহত শ্রমিকের জন্য ১ লক্ষ ২৫ হাজার টাকা) তা অতি জরুরীভাবে পর্যালোচনা করে একটি সুনির্দিষ্ট মানদণ্ড নির্ণয়ের জন্য সংশোধন হওয়া প্রয়োজন।

বাংলাদেশের শ্রম আইনে যেভাবে ক্ষতিপূরণের উল্লেখ আছে তা শ্রমিক এবং তার পরিবারকে পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান থেকে অনেক কম। রানা প্লাজা ধ্বংসে যে নীতিমালার ভিত্তিতে ক্ষতিপূরণের বিষয়টি ধার্য করার প্রচেষ্টা নেয়া হয়েছে তা আমাদের আইন এবং চর্চায় অনুসরণ করা উচিত। আর তা না হলে পোশাক শিল্পের সাথে অন্যান্য ক্ষেত্রের শ্রমিকদের সুস্পষ্ট বৈষম্য বয়ে আনবে। ব্লাস্ট শ্রম আইনের সংস্কার দাবী করছে যেন শ্রমিক এবং তার পরিবারের নির্ভরশীল সদস্যরা যথাযথ ক্ষতিপূরণ পেতে পারেন।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)